



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৩৬

বঙ্গবন্ধুর হত্যাকারীরা নরপিশাচ

--খাদ্যমন্ত্রী

রাজশাহী; ১২ ভাদ্র (২৭ আগস্ট):

খাদ্যমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা সাধন চন্দ্র মজুমদার বলেছেন, বঙ্গবন্ধুর হত্যাকারীরা নরপিশাচ। তারা শুধু বঙ্গবন্ধুকে হত্যা করে ক্ষান্ত হয়নি, তারা শিশু ও অন্তঃসত্ত্বা নারীকেও হত্যা করেছিল।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আজ শনিবার (২৭ আগস্ট) বিকালে নিয়ামতপুর উপজেলার ভাবিচা ইউনিয়ন পরিষদের উদ্যোগে আয়োজিত শোকসভায় তিনি এসব কথা বলেন।

খুনিচক্র ভেবেছিল বঙ্গবন্ধুকে হত্যার মধ্যদিয়ে তাঁর আদর্শ, রাজনৈতির দর্শন ধ্বংস করা যাবে। কিন্তু বঙ্গবন্ধুর আদর্শকে তারা হত্যা করতে পারেনি। জীবিত বঙ্গবন্ধুর চেয়ে শহিদ বঙ্গবন্ধু আরও শক্তিশালীভাবে মানুষের মনে স্থান করে নিয়েছেন বলে তিনি তাঁর বক্তৃতায় উল্লেখ করেন।

তিনি বলেন, জিয়াউর রহমান বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের মাস্টারমাইন্ড। বিএনপি বঙ্গবন্ধুর হত্যাকারীদের বিভিন্নভাবে পুরস্কৃত করেছিল। শোকের মাসে বিএনপি চেয়ারপার্সন ভূয়া জন্মদিন পালন করে শোকাহত মানুষের সঙ্গে তামাশা করছেন।

বিএনপি হাওয়া ভবন তৈরি করে দেশের সম্পদ লুটপাট করেছে উল্লেখ করে মন্ত্রী বলেন, শেখ হাসিনা রাষ্ট্র ক্ষমতায় আসার পর অনেক উন্নয়ন করেছেন। ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দিয়েছেন।

শোককে শক্তিতে পরিণত করে প্রধানমন্ত্রী দেশের উন্নয়নে নিরলস কাজ করে যাচ্ছেন উল্লেখ করে তিনি বলেন, কোনো ষড়যন্ত্র এদেশের উন্নয়ন ব্যাহত করতে চাইলে জনগণকে সঙ্গে নিয়ে শক্তভাবে তা মোকাবিলা করা হবে।

ভাবিচা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো: ওবাইদুল হকের সভাপতিত্বে শোকসভায় উপজেলা আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

.....

তৌহিদ/আতিক/সিকান্দার/রুহুল/রোকন/হালিম/২০২২/১৮.০০ঘ.